

## ঢাবির ডিন নির্বাচন নীল দল সাত, সাদা দল তিন অনুধাদে জয়ী

### ■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিন নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে আওয়ামী লীগ এবং বামদল সমর্থিত নীল দল। বিশ্ববিদ্যালয়ের দশটি অনুধাদের ডিন নির্বাচনে নীল দল সাতটি এবং বিএনপি ও জামায়াত সমর্থিত সাদা দল তিনটি অনুধাদে বিজয়ী হয়েছে।

নির্বাচন কমিশন জানায়, গতকাল সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের নবাব নওশাব/আলী চৌধুরী সিনেট ভবনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। বিকাল সাড়ে তিনটা দিকে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়।

ফলাফল অনুযায়ী, কলা অনুধাদে ১২১ ভোট পেয়ে ডিন নির্বাচিত হয়েছেন বিশ্ববিদ্যালয়ে সাদা দলের আহবায়ক এবং ইংরেজী বিভাগের অধ্যাপক মদনরস্ম আমিন। তার বিপরীতে মাত্র এক ভোটের ব্যবধানে হেরেছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক মো. আখতারুজ্জামান।

নীল দল থেকে মনোনীত প্রার্থীদের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুধাদে অর্থনীতি বিভাগের অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ (১২২ ভোট), বিজ্ঞান অনুধাদে ক্রমায়ন বিভাগের অধ্যাপক মোহাম্মদ ইউসুফ আলী খোন্সা (৬৫ ভোট), ব্যবসায়-শিক্ষা অনুধাদে ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিভাগের অধ্যাপক শিরশী রুবায়েয়াতুল ইসলাম (৮০), জীব বিজ্ঞান অনুধাদে উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. ইমদাদুল হক (৮৪ ভোট), আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুধাদে ডিজাস্টার সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক এ এম এম মাকসুদ কামাল (৩৪), ইন্ডিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুধাদে অধ্যাপক মো. সেকুল ইসলাম (৩৫), চারুকলা অনুধাদে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক সৈয়দ আবুল বারক আলী (৪০ ভোট) ডিন নির্বাচিত হয়েছেন।

সাদা দল মনোনীত বিজয়ী প্রার্থীদের মধ্যে ফার্মেসী অনুধাদে ক্লিনিক্যাল ফার্মেসী এন্ড ফার্মাকোলজী বিভাগের অধ্যাপক মো. সাইফুল ইসলাম (২৩ ভোট) এবং আইন অনুধাদে অধ্যাপক তাসলিমা মনসুর বিনা প্রতিদ্বন্দ্বিতায় ডিন নির্বাচিত হয়েছেন।

প্রধান নির্বাচন কমিশনার ও বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মো. কামালউদ্দিন বলেন, নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। দশটি অনুধাদে ভোটের ছিল এক হাজার ১৫২ জন। ভোট দিয়েছেন এক হাজার ৯৪ জন।